গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

সড়ক ও জনপথ অধিদপ্তরের নতুন অনুমোদিত ০২টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব |
| সভার তারিখ | ০৫ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ |
| উপস্থিতি | Zoom Online |

**২. উপস্থাপনা :**

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন যে, উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য পরিকল্পনা বিভাগ কর্তৃক ০৯/০২/২০১৬ তারিখে পরিপত্র জারি করা হয়েছে। একই বিষয়ে আইএমইডি'র প্রতিবেদনের প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার নিমিত্ত দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদের সভার সিদ্ধান্ত রয়েছে। উল্লেখিত সিদ্ধান্ত অনুসরণে প্রকল্প পরিচালক নিয়োগ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন/নির্দেশনাও তাঁর কার্যালয় থেকে সকল মন্ত্রণালয়/বিভাগকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে সভাপতি করে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ, আইএমইডি ও সংশ্লিষ্ট সংস্থা প্রধান সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়।

২.২ এ কমিটি'র সুপারিশক্রমে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য একনেক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সম্প্রতি অনুমোদিত হয়েছে এমন ০২টি নতুন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাবের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সভা Zoom Online-এ আহ্বান করা হয়েছে।

**৩. আলোচনা :**

৩.১ সভায় উল্লেখ করা হয় যে, এ বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম, জনবলের ধরণ ও সীমাবদ্ধতার কারণে পরিপত্র সম্পূর্নরূপে অনুসরণ করে প্রকল্প পরিচালক নিয়োগ করা অত্যন্ত দূরূহ। বাস্তব ও সঙ্গত কারণেই সকল প্রকল্পে পূর্নকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা সম্ভব হয় না। অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী সওজ অধিদপ্তরের কর্মকর্তাগণ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করে থাকেন। ভৌগলিক বা কর্মস্থলজনিত অবস্থানের কারণে এবং প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে একটি সড়ক জোনের কর্মকর্তাকে অন্য সড়ক জোনের প্রকল্পের দায়িত্ব প্রদান করা যায় না এবং একজন কর্মকর্তাকে ক্ষেত্র বিশেষে অনেকগুলো প্রকল্পের দায়িত্ব প্রদান করতে হয়।

৩.২ প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠ পর্যায়ের প্রশাসনিক কাঠামো সড়ক জোন, সার্কেল, বিভাগ ও উপ-বিভাগে বিন্যস্ত হলেও জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়কসমূহ সাধরনত একাধিক জোন, সার্কেল ও বিভাগের আওতাভুক্ত হয়ে থাকে। বৈদেশিক সহায়তাপুষ্ট ও অন্যান্য মেগা প্রকল্পের জন্য অর্থ বিভাগের জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটি'র সুপারিশক্রমে ডিপিপি'তে স্বতন্ত্র প্রকল্প পরিচালকসহ প্রয়োজনীয় জনবলের সংস্থান রাখা হয়। তদানুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। তাঁদেরকে একাধিক প্রকল্পে নিয়োগ দেয়া হয় না এবং অতিরিক্ত কোনো দায়িত্বও প্রদান করা হয় না। কিন্তু মহাসড়ক অবকাঠামোর অপরিহার্য উন্নয়ন, মেরামত ও সংস্কারের লক্ষ্যে জিওবির অর্থায়নে গৃহীত প্রকল্পের ক্ষেত্রে স্বতন্ত্র প্রকল্প পরিচালকসহ প্রয়োজনীয় জনবলের সংস্থান ডিপিপি'তে রাখা সম্ভব হয় না। পৃথক প্রকল্প বাস্তবায়ন ইউনিট রাখা হলে যানবাহন ও জনবলের বেতন-ভাতাসহ অতিরিক্ত অর্থের সংস্থান ডিপিপি'তে রাখা প্রয়োজন হয়। এতে প্রকল্প ব্যয় বৃদ্ধি পাবে। উপরন্তু অর্থ বিভাগ প্রকল্প ব্যয় সীমিত রাখার স্বার্থে বিষয়টিকে নিরুৎসাহিত করে থাকে এবং এ প্রক্রিয়া অনুসরণ করে পরিকল্পনা কমিশন প্রকল্প অনুমোদন কার্যক্রম সম্পন্ন করে থাকে, যার ফলশ্রুতিতে এ ধরণের প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নার্থে সওজ অধিদপ্তরের মাঠ পর্যায়ের উপযুক্ত কর্মকর্তাদেরকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়। সে জন্য একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পে প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান করা প্রয়োজন হয়। এতদ্সত্বেও একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের এ পরিস্থিতি উত্তরণে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সচেষ্ট রয়েছে।

৩.৩ সভাকে জানানো হয় যে, প্রতিটি সড়ক জোনে সওজ অধিদপ্তরের পর্যাপ্ত জনবল নেই। পরিপত্র প্রতিপালনের উদ্দেশ্যেই পরিচালক নিয়োগ কমিটি করা হয়েছে। প্রস্তাবিত নতুন অনুমোদিত ০২টি প্রকল্পের ব্যয় ১০০০ কোটি টাকার উর্ধ্বে। প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রস্তাবিত সকল প্রকল্পের ক্ষেত্রেই ৩জন করে কর্মকর্তার নাম প্রস্তাব করা হয়েছে এবং তাদের জীবনবৃত্তান্ত দাখিল করা হয়েছে। সভায় আলোচনা করা হয় যে, শেরপুর (কানাসাখোলা)-ভীমগঞ্জ-নারায়ণখোলা-রামভদ্রপুর-পরানগঞ্জ-ময়মনসিংহ (রহমতপুর) সড়ক উন্নয়ন প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৮৪২.২৭ কোটি টাকা যা এ বিভাগের মেগা প্রকল্পভুক্ত। সওজ অধিদপ্তর কর্তৃক এ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক জোন, ময়মনসিংহ-কে প্রস্তাব করা হয়। এ প্রসঙ্গে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব মো: আবুল হাছানাত হুমায়ুন কবীর (অতিরিক্ত সচিব) অভিমত ব্যক্ত করেন যে, অতিরিক্ত প্রধান প্রকৌশলী ময়মনসিংহ জোন বর্তমানে ৬টি প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। এক্ষেত্রে, নতুন এ প্রকল্পের দায়িত্ব দেয়া হলে প্রকল্প ব্যবস্থাপনায় মনিটরিং এর ঘাটতি হবে কি-না তা জানতে চান। এ বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং) সভাকে জানান যে, বর্ণিত এ প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে আলাদা কোন জনবলের সংস্থান নেই। এছাড়াও, এ কর্মকর্তার দায়িত্বে থাকা ৬টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্প জুন ২০২৩ এর মধ্যে সমাপ্ত হবে। তাই, মেগা প্রকল্প ও প্রকল্পের ব্যয়, প্রধান প্রধান কার্যক্রম, প্রস্তাবিত প্রকল্প পরিচালকের কর্মস্থল, কার্যপরিধি ও অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ জোন কে দায়িত্ব অর্পন করাই যুক্তিযুক্ত হবে।

৩.৪ নতুন অনুমোদিত "নওগাঁ সড়ক বিভাগাধীন ৩টি আঞ্চলিক ও ৩টি জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাবের বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৮২.৪৯ কোটি টাকা যা মেগা প্রকল্পভুক্ত। সওজ অধিদপ্তরের প্রতিনিধি উল্লেখ করেন যে, এ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে জনাব জনাব মোঃ হাফিজুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ: দা:), সওজ, সড়ক সার্কেল, রাজশাহী-কে প্রস্তাব করা হয়েছে। যেহেতু প্রকল্পটি রাজশাহী সড়ক সার্কেল বিস্তৃত এবং প্রকল্পের ব্যয়, প্রধান প্রধান কার্যক্রম, প্রস্তাবিত প্রকল্প পরিচালকের কর্মস্থল, কার্যপরিধি ও অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় তাঁকেই প্রকল্প পরিচালক হিসেবে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। আএইএমইডি'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে প্রকল্পের কার্যক্রম নিয়মিত মনিটরিং করা আবশ্যক। এক্ষেত্রে, প্রকল্প পরিচালকগণকে অবশ্যই প্রকল্প এলাকায় অবস্থান করা বাঞ্চনীয়। প্রকল্প সংশ্লিষ্ট সড়ক বিভাগের দায়িত্বরত নির্বাহী প্রকৌশলীগণকে প্রকল্প ব্যবস্থাপকের

(পিএম) দায়িত্ব পালনের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৪. সুপারিশ/সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ প্রকল্পসমূহের ব্যয় ও প্রধান প্রধান কার্যক্রম, প্রস্তাবিত প্রকল্প পরিচালকের কর্মস্থল, কার্যপরিধি ও অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে সওজ অধিদপ্তরের নিম্নোক্ত প্রকল্পসমূহের পার্শ্বে উল্লেখিত কর্মকর্তাগণকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের সুপারিশ করা হলো:

| ক্রম | প্রকল্পের নাম (মেয়াদকাল) | সুপারিশকৃত প্রকল্প পরিচালক |
|---|---|---|
| ০১ | শেরপুর (কানাসাখোলা)-ভীমগঞ্জ-নারায়ণখোলা-রামভদ্রপুর-পরানগঞ্জ-ময়মনসিংহ (রহমতপুর) সড়ক উন্নয়ন<br>প্রকল্প ব্যয়: ১৮৪২.২৭ কোটি টাকা<br>মেয়াদকাল: ০১/০৫/২০২২-৩০/০৬/২০২৫ | জনাব মো: শওকত আলী<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>সওজ অধিদপ্তর<br>সড়ক জোন, ময়মনসিংহ |
| ০২ | নওগাঁ সড়ক বিভাগাধীন ৩টি আঞ্চলিক ও ৩টি জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ<br>প্রকল্প ব্যয়: ১১৮২.৪৯ কোটি টাকা<br>মেয়াদকাল: ০১/০৪/২০২২-৩১/১২/২০২৪ | জনাব মোঃ হাফিজুর রহমান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ: দা:)<br>সওজ অধিদপ্তর<br>সড়ক সার্কেল, রাজশাহী |

৪.২ সওজ অধিদপ্তর কর্তৃক ভবিষ্যতে প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাবে প্রস্তাবিত কর্মকর্তা যে সকল চলমান প্রকল্পের ইতোমধ্যে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োজিত রয়েছেন ঐ সকল প্রকল্পের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি পৃথকভাবে উল্লেখ করতে হবে;

৪.৩ ভবিষ্যতে প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাবে প্রস্তাবিত কর্মকর্তাগণের সমজাতীয় প্রকল্পে সংশ্লিষ্টতা, কর্মদক্ষতার মূল্যায়ন বিবেচনা করতে হবে;


৪.৪ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিদ্যমান নীতিমালা/পরিপত্র এবং Delegation of Financial Power অনুসরণ করতে হবে;

৪.৫ প্রকল্প পরিচালক নিয়োগের প্রজ্ঞাপনের কপি সওজ গেজেটেড সংস্থাপন শাখায় স্ব-স্ব ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করার জন্য প্রেরণ করা হবে;

৪.৬ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে প্রকল্প পরিচালকগণকে অবশ্যই প্রকল্প এলাকায় অবস্থান নিশ্চিত করতে হবে; এবং

৪.৭ প্রকল্প সংশ্লিষ্ট সড়ক বিভাগের দায়িত্বরত নির্বাহী প্রকৌশলীগণ প্রকল্প ব্যবস্থাপকের (পিএম) দায়িত্ব পালন করবেন।

৫. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এ বি এম আমিন উল্লাহ নুরী
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০০৮.১৯.৩৩০ তারিখ: ২৫ আষাঢ় ১৪২৯

০৯ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৫) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) যুগ্মসচিব, সওজ জিওবি অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্লানিং এন্ড প্রোগ্রামিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর
১৩) নির্বাহী প্রকৌশলী, প্রোগ্রামিং বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর
১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫) অফিস কপি/মাস্টার কপি

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী সচিব